

- (চ) “সাহিত্য পাঠশিক্ষার জন্য নয়—উপভোগ বা আনন্দের জন্য।” উক্তিটির নিরিখে সাহিত্যতাত্ত্বিক লঞ্জাইনাস-এর অভিমত ব্যক্ত করো।
- (ছ) ড্রাইডেন-এর সাহিত্য সমালোচনাতত্ত্ব সম্পর্কে যথাযথ আলোচনা করো।
- (জ) বেনেদেস্তো ক্রেচ-এর শিল্পতত্ত্বের আলোচনা করো।

2025

BENGALI
(Honours Core)

Paper : BEN-HC-6026

(পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব ও সমালোচনা)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) কাব্যনির্মাণকলা-বিষয়ক অ্যারিস্টটল-এর বিখ্যাত গ্রন্থটির নাম কী?
- (খ) “A great poet is both classical and Romantic.” বক্তা কে?
- (গ) ‘সুরিয়ালিজম’-এর মুখপাত্র কে ছিলেন?
- (ঘ) ‘লিরিক্যাল ব্যালাডস’ গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়েছিল?
- (ঙ) চিত্রকলায় বাস্তববাদের শ্রেষ্ঠ প্রতিনিধি কে?

(2)

- (চ) প্লেটোর গুরু কে ছিলেন ?
- (ছ) লঞ্জাইনাস-রচিত সমালোচনা গ্রন্থটির নাম উল্লেখ করো।
- (জ) ঐতিহাসিক সমালোচকের দৃষ্টি কোন্ বিষয়ের উপর নিবদ্ধ থাকে ?
- (ঝ) *Phaedrus* গ্রন্থটি কার লেখা ?
- (ঞ) শুদ্ধ উত্তরটি লেখো :
- ক্রোচ-এর শিল্পতত্ত্বের ভিত্তি ছিল মার্ক্সবাদ/
ভাববাদ।

২। সংক্ষিপ্ত উত্তর দাও : $২ \times ৫ = ১০$

- (ক) ক্লাসিক্যাল রীতির দুজন সমালোচকের নাম লেখো।
- (খ) রোমান্টিক সাহিত্যের ভাববস্তুর যে কোনো দুটি স্বরূপ উল্লেখ করো।
- (গ) পরাবাস্তবতার দুটি লক্ষণ উল্লেখ করো।
- (ঘ) প্লেটো রচিত দুটি সমালোচনা গ্রন্থের নাম লেখো।
- (ঙ) 'ফলস্টাফ' ও 'শকার' চরিত্রদ্বয়ের স্রষ্টাদের নাম লেখো।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- (ক) 'ফ্রপদী' (classical) সাহিত্যের পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ করো।
- (খ) রোমান্টিসিজম-এ প্রকৃতি ও নিসর্গপ্ৰীতির গুরুত্ব নির্ণয় করো।

(3)

- (গ) পরাবাস্তববাদ (Surrealism)-এ ফ্রয়েড-এর স্বপ্নতত্ত্বের ভূমিকা আলোচনা করো।
- (ঘ) “অবশ্য তুলনার জন্য উভয়ের মধ্যে সামান্য ধর্মের ঐক্য চাই, বিশেষ ধর্মের নাই বা মিল হল।” তুলনামূলক সমালোচনার ক্ষেত্রে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।
- (ঙ) কাব্যসাহিত্যে কল্পনার ভূমিকা সম্পর্কে প্লেটোর মতামত সংক্ষেপে আলোচনা করো।
- (চ) টীকা লেখো : দাস্তে।

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ৪ = ৪০$

- (ক) “‘ক্লাসিক্যাল’ বা ফ্রপদী সাহিত্যের মেজাজে থাকে বলিষ্ঠতার ছাপ, ভাষায় থাকে মহিমময় গাভীর্য।” উদ্ধৃতির আলোকে ফ্রপদী সাহিত্য সম্পর্কে একটি আলোচনা প্রস্তুত করো।
- (খ) রোমান্টিসিজম-এর বৈশিষ্ট্যসমূহ আলোচনা করো।
- (গ) বাস্তববাদ (Realism)-এর স্বরূপ ব্যাখ্যা করো এবং পাশ্চাত্য সাহিত্যে বাস্তববাদের উদ্ভব ও বিকাশের কারণসমূহ আলোচনা করো।
- (ঘ) পরাবাস্তবতার সংজ্ঞা উল্লেখ করে জীবনানন্দ দাশের ‘ঘোড়া’ কবিতায় প্রতিফলিত পরাবাস্তবতার ভাবনা ও শৈলী সম্পর্কে আলোচনা করো।
- (ঙ) সাহিত্য সমালোচনার ক্ষেত্রে ‘ঐতিহাসিক সমালোচনা’ পদ্ধতি সম্পর্কে আলোচনা করো।